



জীবন বীমা কর্পোরেশন

(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)

উন্নয়ন ডিভিশন

প্রধান কার্যালয়, ২৪, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

স্মারক নম্বর : ৫৩.১৯.৯০০১.০০৩.০১.০০০.২২-২০২১

তারিখ: ২০-০৯-২০২২ খ্রিঃ

অফিস আদেশ

আগস্ট/২২ মাস পর্যন্ত ব্যবসায় পর্যালোচনায় দেখা যায় যে, কর্পোরেশনের ১ম বর্ষ ব্যবসায় মাত্র ৭০.২৮ কোটি টাকা অর্জিত হয়েছে যা হতাশাব্যাঞ্জক এবং ২০২২ সালের জন্য নির্ধারিত ১ম বর্ষ ব্যবসায় লক্ষ্যমাত্রা ১৮০ কোটি টাকার ৩৯.০৪%। বছরের অবশিষ্ট ০৪ মাস সময়ের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে ২০২২ সালে কর্পোরেশনের ১ম বর্ষ প্রিমিয়াম আয়ের লক্ষ্যমাত্রা ১৮০ কোটি টাকা অর্জনের নিমিত্ত সংশ্লিষ্ট সকল এজেন্ট, উন্নয়ন অফিসার এবং উন্নয়ন ম্যানেজারগণকে নিম্নরূপ নির্দেশ প্রদান করা হলো:

০১। বীমা এজেন্ট:

(ক) On-line এ যে সকল বীমা এজেন্টের লাইসেন্স status সক্রিয় তাদের ২০২২ সালের ব্যবসায় ক্রোজিং সময়ের মধ্যে প্রত্যেকে তার কোডে কমপক্ষে টা: ১,০০,০০০/- (একলক্ষ) ১ম বর্ষ প্রিমিয়াম আয় করতে হবে; অন্যথায় বীমা এজেন্টের লাইসেন্স সক্রিয় রাখার বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০২। উন্নয়ন অফিসার:

(ক) On-line এ যে সকল উন্নয়ন অফিসারগণের কোড নং বিদ্যমান আছে তাদেরকে ডিসেম্বর/২০২২ মাসের মধ্যে স্ব-স্ব নির্ধারিত ব্যবসায় কোটা সম্পাদন করতে হবে। ২০২২ সালে যে সকল উন্নয়ন অফিসার নির্ধারিত কোটা পূরণ করতে ব্যর্থ হবেন তাদের কোড নং On-line এ স্থগিত করা সহ চাকুরীবিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

(খ) IDRA এর নির্দেশনা মোতাবেক যে সকল উন্নয়ন অফিসারের সংগঠনে ৫ জন সক্রিয় এজেন্ট নেই তাদের উল্লিখিত সময়ের মধ্যে প্রয়োজনীয় ব্যবসায়সহ ০৫ জন এজেন্ট নিয়োগ নিশ্চিত করতে হবে।

০৩। উন্নয়ন ম্যানেজার:


(ক) On-line এ যে সকল উন্নয়ন ম্যানেজারগণের কোড নং বিদ্যমান আছে তাদেরকে ডিসেম্বর/২০২২ মাসের মধ্যে স্ব-স্ব নির্ধারিত ব্যবসায় কোটা সম্পাদন করতে হবে। ২০২২ সালে যে সকল উন্নয়ন ম্যানেজার নির্ধারিত কোটা পূরণ করতে ব্যর্থ হবেন তাদের কোড নং On-line এ স্থগিত করা সহ চাকুরীবিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৪। শাখা ইনচার্জ:

যে সকল শাখা ইনচার্জ ২০২২ সালে স্ব-স্ব শাখার লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হবেন তাদেরকে শাখা ইনচার্জের দায়িত্ব থেকে অব্যাহতি প্রদান করে যোগ্য প্রার্থীকে শাখা ইনচার্জের দায়িত্ব প্রদান করা হবে।

শাখা ইনচার্জ, সেলস ইনচার্জ ও রিজিওনাল ইনচার্জগণ তাদের অধীনস্থ স্ব-স্ব অফিসসমূহের এজেন্ট, উন্নয়ন অফিসার এবং উন্নয়ন ম্যানেজারগণকে নিবীড় মনিটরিং এবং ব্যবসায় সংগ্রহে সকল প্রকার সহযোগিতা প্রদানের মাধ্যমে উল্লিখিত ০৪(চার) টি নির্দেশ পরিপালন নিশ্চিত করবেন।

এ আদেশ কর্পোরেশনের স্বার্থে জারি করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।


(মোঃ সাইফুল ইসলাম)
ম্যানেজিং ডাইরেক্টর।

বিতরণ: অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। জেনারেল ম্যানেজার (সকল), , প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। রিজিওনাল ইনচার্জ (সকল),
- ০৩। সহকারী জেনারেল ম্যানেজার, মনিটরিং সেল, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি-আদেশটি কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
- ০৫। ইনচার্জ, কর্পোরেট সেবা দপ্তর (সকল),
- ০৬। ইনচার্জ, সেলস অফিস (সকল),
- ০৭। ইনচার্জ, শাখা অফিস (সকল),
- ০৮। অফিস আদেশ ফাইল।
- ০৯। সংশ্লিষ্ট নথি। ১০। মহা নথি।